জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.১৮২

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ / ৩ নভেম্বর ২০২১

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : অক্টোবর ২০২১

**১। শেখ রাসেল-এর জন্মদিন ও 'শেখ রাসেল দিবস ২০২১' উপলক্ষ্যে জাতীয় শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা :**
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর জন্মদিন ও 'শেখ রাসেল দিবস ২০২১' উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় দেশব্যাপী 'শেখ রাসেল : দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস' শীর্ষক 'জাতীয় শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১' এর আয়োজন করা হয়েছে। এ প্রেক্ষিতে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে গত ১৮ অক্টোবর ২০২১ বিকাল ৪টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমিতে সিলেট জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়।

**২। মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) চিত্রকলা প্রতিযোগিতার প্রচারণা পূর্বক ফরম বিতরণ :**
এশীয় দেশসমূহের শিশুদের আঁকা চিত্রকর্ম জাপানের দর্শকদের কাছে উপস্থাপন করার উদ্দেশ্যে মিতসুবিশি পাবলিক অ্যাফেয়ার্স কমিটি, এশিয়ান প্যাসিফিক ফেডারেশন অব ইউনেস্কো ক্লাবস্ এন্ড এসোসিয়েশন এবং ন্যাশনাল ফেডারেশন অব ইউনেস্কো এসোসিয়েশন ইন জাপান এর উদ্যোগে ২০২১-২০২২ বর্ষে ১৪তম মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) চিত্রকলা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচারণা পূর্বক ফরম বিতরণ কার্যক্রম চলছে।

**৩। গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়ন কার্যক্রমে অংশগ্রহণের বিজ্ঞপ্তি প্রকাশ :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে দেশের ৬৪ জেলার একটি করে বধ্যভূমিতে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়নের উদ্যোগ গ্রহণ করেছে। মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্থানী হানাদার বাহিনী এবং তাদের দোসরদের দ্বারা সমগ্র বাংলাদেশে যে বর্বরোচিত গণহত্যা সংগঠিত হয়েছে তাকে উপজীব্য করে পরিবেশ থিয়েটার নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক জেলা শিল্পকলা একাডেমি সিলেটের জন্য চৌহাট্টাস্থ শহীদ শামসুদ্দিন বধ্যভূমিকে নির্বাচন করা হয়। সিলেট জেলার গণহত্যার পরিবেশ থিয়েটারটি রচনার জন্য জনাব হাসান শাহরিয়ার এবং নির্দেশনার জন্য জনাব ফয়েজ জহিরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক মনোনয়ন দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে গণহত্যার পরিবেশ থিয়েটার নাটকে অংশগ্রহণের জন্য (অভিনয়, কস্টিউম ডিজাইন, সেট ডিজাইন, প্রপস ডিজাইন, মিউজিক ডিজাইন ও লাইট ডিজাইন) সিলেট জেলার আগ্রহী নাটকসহ শিল্পের যেকোনো শাখায় যুক্ত নাট্য ও সংস্কৃতিকর্মীসহ সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মাধ্যমে অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ পূর্বক প্রচারণা চালানো হয়।

**৪। আর্ট এগেইনস্ট করোনা শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান :** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ২৫ অক্টোবর ২০২১ তারিখে 'আর্ট এগেইনস্ট করোনা শীর্ষক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন রাজীব দে চৌধুরী, সৌরভ সোহেল, সীমা রাণী সরকার, পরাগরেণু দেব, পপি দাস, সেঁজুতি হৃদি, তাওফিকা মুজাহিদ ও অন্বেষা ভট্টাচার্য্য।

**৫। ইনটেনজিবল ও টেনজিবল কালচারাল হেরিট্যাজ শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান :** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ২৭ অক্টোবর ২০২১ তারিখে 'ইনটেনজিবল ও টেনজিবল কালচারাল হেরিট্যাজ শীর্ষক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন মৌসুমী দেব, পল্লবী দাস মৌ, শেখ মিকাইল উদ্দিন গিয়াস, সুমাইয়া ইসলাম শোভা, ফারিবা দীয়া আহমেদ, দিপংকর সিংহ অনিক, সেঁজুতি পাল চৌধুরী ও দৃষ্টি চক্রবর্তী।

[চলমান পাতা -২]

**৬। তৃণমূল মানুষের জন্য শিল্প-সংস্কৃতি শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান :** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ৩১ অক্টোবর ২০২১ তারিখে 'তৃণমূল মানুষের জন্য শিল্প-সংস্কৃতি শীর্ষক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সফল কুমার নন্দী, জৈন্তাপুর উপজেলা; সোনালী দেব স্বর্ণা, ওসমানীনগর উপজেলা; শান্তা দাস (চৈতী), গোলাপগঞ্জ উপজেলা; অন্না রানী পুরকায়স্থ, বিয়ানীবাজার উপজেলা; শর্মিষ্ঠা মিস্ত্রী, গোয়াইনঘাট উপজেলা; বিপ্রাশ্রী বৈদ্য বর্ষা, ফেঞ্চুগঞ্জ উপজেলা; সারদা দেবী সেবা, সিলেট সদর উপজেলা; তাসনোভা জহির তাম্মি মেঘলা, সিলেট মহানগর; লৈনৌ লৈনুংশী, সিলেট মহানগর ও জাহরা জাকিয়া ইসলাম, সিলেট মহানগর।

**০৭। অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে জেলা বাছাই কমিটির সভা আয়োজন :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে ২১ অক্টোবর ২০২১ তারিখে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা বাছাই কমিটির সভা আয়োজন পূর্বক ৩১ অক্টোবর ২০২১ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

**০৮। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ১ অক্টোবর ২০২১ থেকে সরাসরি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। একাডেমির মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৯৮৭ জন।

**০৯। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ৮ কপি ছবি/ পোস্টার/ প্রোগ্রামের স্ক্রীনশট (সফট কপি)।
২. পেপার কাটিং ২টি।

০৫/১১/২০২১

**(অসিত বরণ দাশ গুপ্ত)**
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।